

আয় তোরা আয় আয় গো—
 গাবার বেলা যায় পাছে তোর যায় গো ।
 শিশিরকণা ঘাসে ঘাসে শুকিয়ে আসে,
 নীড়ের পাখি নীল আকাশে চায় গো ।
 সুর দিয়ে যে সুর ধরা যায়, গান দিয়ে পাই গান,
 প্রাণ দিয়ে পাই প্রাণ—তোর আপন বাঁশি আন,
 তবেই যে তুই শুনতে পাবি কে বাঁশি বাজায় গো ।
 শুকনো দিনের তাপ তোর বসন্তকে দেয় না যেন শাপ ।
 ব্যর্থ কাজে মগ্ন হয়ে লগ্ন যদি যায় গো ব'য়ে
 গান-হারানো হাওয়া তখন করবে যে 'হায় হায়' গো ॥

Parjaay: Prem O Prokriti

Visit www.geetabitan.com for notation and other detail